

2 0 1 6

ELECTIVE BENGALI

Paper : 6-1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

রবীন্দ্রনাথ—১ অথবা রবীন্দ্রনাথ—২ থেকে প্রশ্নের উত্তর লিখতে হবে।

(রবীন্দ্রনাথ—১)

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো : ১×১০=১০

(ক) 'রাজা' নাটকে সুরঙ্গমার পরিচয় কী ?

(খ) কোন্ উৎসবের দিন রাজা, রাণী সুদর্শনাকে দেখা দিতে চেয়েছেন ?

(গ) “প্রভু বুদ্ধ লাগি আমি ভিক্ষা মাগি।” পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত ?

(ঘ) গুরু _____ ঘিরি কুটির প্রাঙ্গণে
হোমাগ্নি-আলোকে।

- (ঙ) ‘পূজারিণী’ কবিতায় অজাতশত্রু কী রটনা করেছিল ?
- (চ) ‘রাজা’ নাটকে কাঞ্চী আর কোশলরাজ ছাড়া আর কোন্ রাজা উৎসবে যোগ দিয়েছিলেন ?
- (ছ) “তুমি যে আমাদের উৎসবের সূত্রধর।”
‘রাজা’ নাটকে একটি বিশেষ দৃশ্যে কাকে উৎসবের সূত্রধর বলা হয়েছে ?
- (জ) “নগরীর নটী চলে অভিসারে
যৌবনমদে মত্তা।”
‘নগরীর নটী’র নাম কী ?
- (ঝ) “ওরে রে আয় লয়ে তামাকু পান, ভৃত্যে ডাকি কেহ কয়।”
পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত ?
- (ঞ) রাজার ধ্বজায় পদ্ম ফুলের মাঝখানে কী আঁকা ছিল ?

২। নির্দেশ অনুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) “ঘরে সন্ধ্যাদীপ জ্বালা;
দাঁড়িয়ে দুয়ার ধরি জননী জ্বালা।”
জ্বালা কে ? সে কার অপেক্ষায় দুয়ার ধরে দাঁড়িয়েছিল ?
- (খ) “কণ্ঠে খেলিতেছে সাতটি সুর”
কার কণ্ঠে সাতটি সুর খেলা করছে ? এই ‘সাতটি সুর’কে
কবি কীসের সঙ্গে তুলনা করেছেন ?

(গ) “আজ আমার পুষ্পবনের আনন্দে তোমাকে যোগ দিতে হবে।”

বক্তা কে? কাকে আনন্দে যোগ দিতে হবে?

(ঘ) “আজি _____ দুয়ার খোলা
এসো হে, এসো হে, এসো হে, আমার
বসন্ত এসো।

(শূন্যস্থান পূর্ণ করো)

গানটি ‘রাজা’ নাটকের যে দৃশ্যে আছে তার শীর্ষ নামটি উল্লেখ করো।

(ঙ) “ঠাকুর, কখন আজি আসিবে জোয়ার ?

বক্তা কে? এখানে ‘ঠাকুর’ কে?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) “আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে”
অর্থ পরিস্ফুট করো।

(খ) টীকা লেখো : কাঞ্চীরাজ অথবা সুবর্ণ

(গ) ‘রাজা’ নাটকের শেষ দৃশ্যে রাজা ও রাণী সুদর্শনার মধ্যকার কথোপকথন বর্ণনা করো।

(ঘ) ‘শ্রেষ্ঠ ভিক্ষা’ কবিতায় বুদ্ধের শিষ্য অনাথপিণ্ডকে শ্রাবস্তীপুরীর পুরবাসীরা কী কী ভিক্ষা দিয়েছিলেন?

- (ঙ) 'অভিসার' কবিতায় কে অভিসারে যাত্রা করেছিল?
সন্ন্যাসীর সঙ্গে তার প্রথম সাক্ষাতের দৃশ্যটি বর্ণনা করো।
- (চ) 'গানভঙ্গ' কবিতায় সভাগৃহে বরজলাল কীভাবে গান শুরু
করেছিলেন? শ্রোতাদের প্রতিক্রিয়া ব্যক্ত করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও (যে কোনো দুটি) :

১০×২=২০

- (ক) প্রাচীন ভারতের সৌন্দর্য এবং মহানতা রবীন্দ্রনাথের কাব্যে
যে অপরূপ রূপ পরিগ্রহ করেছে তা তোমার পাঠ্য যে কোনো
একটি কবিতা অবলম্বনে বর্ণনা করো।
- (খ) 'ব্রাহ্মণ' কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো।
- (গ) 'দেবতার প্রাস' কবিতার বিষয়বস্তু আলোচনা করো এবং এই
কবিতায় কবির বক্তব্য বিষয় পরিস্ফুট করো।
- (ঘ) উপযুক্ত উদ্ধৃতিসহ 'পুজারিণী' কবিতাটির একটি রসগ্রাহী
আলোচনা করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'রাজা' নাটকের ঠাকুরদা চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) 'রাজা' নাটকে পরিবেশিত গানগুলোর নাটকীয় তাৎপর্য
বিশ্লেষণ করো।
- (গ) 'রাজা' নাটকের অন্তর্নিহিত বক্তব্য পরিস্ফুট করো।
- (ঘ) 'রাজা' নাটকে সুদর্শনা ও সুবঙ্গমা চরিত্রের উপস্থাপনা
নাট্যকাহিনির বিকাশ ও পরিণতিতে কীভাবে সহায়ক হয়ে
উঠেছে, আলোচনা করো।

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো : ১×১০=১০
- (ক) “ডাক্তার! ডাক্তার! ছালাতন করিল। এই অর্ধেক রাত্রে।”
কোন গল্প থেকে নেওয়া হয়েছে?
- (খ) _____ হরিণ শিশুর মতো বফনভীরু।
- (গ) ‘আপদ’ গল্পের কেন্দ্রীয় চরিত্রটির নাম কী?
- (ঘ) ইন্দ্রাণী বাবুদের বাড়িতে কী উপলক্ষে গিয়েছিল?
- (ঙ) তোমার পাঠ্য কোন গল্পটিতে শুস্তা নদীর উল্লেখ আছে?
- (চ) অমিত রায়ের বাবার পেশা কী ছিল?
- (ছ) লাভণ্যর সঙ্গে অমিতের প্রথম দেখা কোথায় হয়েছিল?
- (জ) সিসি, লিসি—এরা কে?
- (ঝ) “দেবতার হাতে সময় অসীম; তাই ঠিক সময়টিতে সূর্য ওঠে, ঠিক সময়ে অস্ত যায়।” বক্তা কে?
- (ঞ) লাভণ্যর বাবার একটি স্নেহের পাত্র ছিল, তাঁর নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো :

২×৫=১০

- (ক) মতিলাল বাবুর কন্যা এবং তার খেলার সাথীর নাম কী কী ?
- (খ) 'আপদ' গল্পে আপদ কাকে বলা হয়েছে ? তার পরিচয় কী ?
- (গ) নবেন্দুশেখরের স্ত্রী এবং তাঁর শালিকাদের যে কোনো একজনের নাম লেখো ।
- (ঘ) For God's sake, hold your _____.
- (ঙ) লাবণ্যর বাবার নাম কী ? তাঁর পেশা কী ছিল ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'প্রতিহিংসা' গল্পের ইন্দ্রাণী চরিত্রটি আলোচনা করো ।
- (খ) তারাপদ চরিত্রটির বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো ।
- (গ) টীকা লেখো : নবেন্দুশেখর
- (ঘ) "যা আমার ভালো লাগে তাই আর একজনের লাগে না, এই নিয়েই পৃথিবীতে যত রক্তপাত ।" বক্তা কে ? কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে, লেখো ।
- (ঙ) 'শেষের কবিতা' উপন্যাসে বর্ণিত শিলং পাহাড়ের সৌন্দর্য বর্ণনা করো ।
- (চ) কেটি মিটারের সম্পর্কে যা জান লেখো ।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

- (ক) তারাপদ এবং নীলকান্ত চরিত্র দুটির তুলনামূলক বিশ্লেষণ করো।
- (খ) ‘আপদ’ গল্পে নীলকান্তের প্রতি কিরণময়ীর মাতৃসুলভ ম্নেহের স্বরূপ তুলে ধরো।
- (গ) ‘ক্ষুধিত পাষণ’ গল্পে অতিপ্রাকৃত রসের বিস্তার আছে কিনা, আলোচনা করো।
- (ঘ) ‘নিশীথে’ গল্পটির অন্তর্নিহিত বক্তব্য তুলে ধরো।
- (ঙ) ‘শেষের কবিতা’ উপন্যাসটি কোন্ গুণে একটি অসাধারণ শিল্পসার্থক সৃষ্টি হয়ে উঠেছে তা আলোচনা করো।
- (চ) অমিত চরিত্রটি আলোচনা করো এবং তাঁর চারিত্রিক বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো।
- (ছ) ‘অমিত ও লাভণ্যর প্রেমের দৃশ্য ‘শেষের কবিতা’ উপন্যাসকে মোহময়ী করে তুলেছে।’ বিশ্লেষণ করে দেখাও।
- (জ) কেটি মিত্র এবং লাভণ্য চরিত্র দুটির তুলনামূলক আলোচনা উপস্থাপিত করো।
